

ট্রানজিট নিয়ে ওমরাহ করতে পারবেন বাংলাদেশিরা

- A Monitor Desk Report

Date: 24 August, 2023



ঢাকা : বিদেশগামী বাংলাদেশিরা ট্রানজিট নিয়ে সৌদি আরবে ওমরাহ করতে পারবেন বলে জানিয়েছেন সৌদি আরবের হজ ও ওমরাহ বিষয়ক মন্ত্রী ড. তৌফিক বিন ফাউজান আল-রাবিয়াহ।

বুধবার (২৩ আগস্ট) দুপুরে রাজধানী ঢাকায় সচিবালয়ে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ধর্ম প্রতিমন্ত্রী ফরিদুল হক খানের সঙ্গে সৌদি সরকারের হজ ও ওমরাহ বিষয়ক মন্ত্রী তৌফিক বিন ফাউজান আল-রাবিয়াহের নেতৃত্বে একটি প্রতিনিধি দলের দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়।

বৈঠক শেষে ধর্ম প্রতিমন্ত্রী ফরিদুল হক খান বলেন, “ট্রানজিটে গিয়েও বাংলাদেশিরা সৌদি আরবে ওমরাহ করতে পারবেন।”

“এক্ষেত্রে শর্ত থাকবে, শুধু সৌদিয়া ও ফ্লাইনাস এয়ারলাইন্সের যাত্রীরা এ সুবিধা পাবেন। ট্রানজিট ভিসার মেয়াদ হবে ৪ দিন।”

আরও পড়ুন: [বাংলাদেশে সৌদি আরব বিমান চলাচল সমঝোতা স্মারক স্বাক্ষর](#)

তিনি বলেন, “ওমরাহ ভিসার মেয়াদ এক মাস থেকে বাড়িয়ে ৩ মাস করা হয়েছে। এ ভিসায় গিয়েও দেশটিতে ঘুরতে পারবেন বাংলাদেশি যাত্রীরা।”

ধর্ম প্রতিমন্ত্রী আরও বলেন, “সভায় বাংলাদেশের হজ কোটা বাড়ানো ও হজের খরচ কমানোর বিষয়েও আলোচনা হয়েছে।”

-B